

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ অল্পে তুষ্টি, চাওয়া হতে দূরে থাকা এবং মিতাচারিতা ও মিতব্যয়িতার মাহাত্ম্য এবং অপ্রয়োজনে চাওয়ার নিন্দাবাদ

## আরবী

وَعَن عَمرِو بنِ تَغْلِبَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ أَتِيَ بِمَالٍ أَوْ سَبْيٍ فَقَسَّمَهُ فَأَعْطَى رِجَالاً وَتَرَكَ رِجَالاً فَبَلغَهُ أَنَّ الَّذِينَ تَرَكَ عَتَبُوا فَحَمِدَ اللهَ ثُمَّ أَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ أَمَّا بعْدُ فَواللهِ إِنِّي لِجَالاً فَبَلغَهُ أَنَّ الَّذِينَ تَرَكَ عَتَبُوا فَحَمِدَ اللهَ ثُمَّ أَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ أَمَّا بعْدُ فَواللهِ إِنِّي لأَعْطِي لأَعْطِي الرَّجُل وَأَدَعُ الرَّجُلَ وَالَّذِي أَدَعُ أَحَبُ إِلَيَّ مِنَ الَّذِي أَعْطِي وَلَكِنِّي إِنَّمَا أَعْطِي أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم أَقُواماً لِمَا أَرَى في قُلُوبِهِمْ مِنَ الجَزَعِ وَالهَلَعِ وَأَكِلُ أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم مِنَ الجَزعِ وَالهَلعِ وَأَكِلُ أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم مِنَ الجَزعِ وَالهَلعِ وَأَكِلُ أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم مِنَ الجَزعِ وَالهَلعِ وَأَكِلُ أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم مِنَ الجَزعِ وَالهَلعِ وَأَكِلُ أَقْوَاماً إِلَى مَا جَعَلَ اللهُ في قُلُوبِهِم مِنَ الجَزعِ وَالهَ لِيَ عَمْرُو بِنُ تَغْلِبَ وَاللهِ مَا أُحِبُ أَنَّ لِي مِنْ الغِنَى وَالخَيْرِ مِنْهُمْ عَمْرُو بِنُ تَغْلِبَ قَالَ عَمْرُو بِنُ تَغْلِبَ : فَوَاللهِ مَا أُحِبُ أَنَّ لِي عِمْرُولِ اللهِ عَلَيْكُ حُمْرَ النَّعَم رواه البخاري

## বাংলা

(৩০৪) আমর ইবনে তাগলিব (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট মাল অথবা যুদ্ধবন্দী নিয়ে আসা হল। অতঃপর তিনি তা বন্টন করলেন। তিনি কিছু লোককে দিলেন এবং কিছু লোককে ছাড়লেন। তারপর তিনি খবর পেলেন যে, যাদেরকে তিনি দেননি, তারা অসন্তুষ্টি প্রকাশ করেছে। সুতরাং তিনি (ভাষণের প্রারম্ভে) আল্লাহর প্রশংসা ও স্তুতি বর্ণনা করলেন, অতঃপর বললেন, আম্মা বা'দ! আল্লাহর কসম! আমি কাউকে দিই এবং কাউকে ছাড়ি। যাকে ছাড়ি সে আমার নিকট ঐ ব্যক্তি চেয়ে উত্তম, যাকে দিই। কিন্তু আমি কিছু লোককে কেবলমাত্র এই জন্য দিই যে, আমি তাদের অন্তরে অস্থিরতা ও উদ্বেগ লক্ষ্য করি এবং অন্য কিছু লোককে আমি ঐ ধনবতা ও কল্যাণের দিকে সঁপে দিই, যা আল্লাহ তাদের অন্তরে নিহিত রেখেছেন। তাদের মধ্যে আমর ইবনে তাগলিব একজন। আমর ইবনে তাগলিব বলেন, 'আল্লাহর কসম! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এ কথার বিনিময়ে লাল উটি নেওয়াও পছন্দ করি না।

## ফুটনোট

(বুখারী ৯২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু তাগলিব (রাঃ)

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=63665}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন